

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
আইসিটি শাখা
www.dcsylhet.gov.bd

স্মারক নং-০৫.৬০.৯১০০.০২৪.০২.০০৪.১১- ১১৬

তারিখ: ১১ জুন ২০১২

বিষয়: জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ে পোর্টাল (জাতীয় তথ্য বাতায়ন) হালনাগাদকরণ সংক্রান্ত মতবিনিময় সভায় অংশগ্রহণ প্রসংগে।

সূত্র : ১। মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্পের ০২ অক্টোবর ২০১১ তারিখের ৭৬(৪) নং স্মারক।


২। সার্পোর্ট টু ডিজিটাল বাংলাদেশ এর ১০ জুন ২০১২ তারিখের ই-মেইল বার্তা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ে বাস্তবায়নাধীন সাপোর্ট টু ডিজিটাল বাংলাদেশ (এটুআই) প্রোগ্রাম জনগনের দোরগোড়ায় সেবা নিশ্চিত করার লক্ষ্যে বিভিন্ন উদ্যোগ গ্রহণ করেছে। তারই ধারাবাহিকতায় জাতীয় তথ্য বাতায়ন চালু করা হয়েছে এবং পোর্টাল হালনাগাদকরণের কাজ চলছে। সিলেট জেলার ওয়েব পোর্টাল তৈরীর জন্য তার আওতাধীন অফিসের সক্রিয় অংশগ্রহণ আবশ্যিক। উল্লেখ্য, পোর্টালসমূহ যাতে তথ্যসমৃদ্ধ এবং নিয়মিত হালনাগাদ করা হয় সেজন্য স্ব স্ব দপ্তর তাদের সংশ্লিষ্ট তথ্য হালনাগাদ করণের জন্য নিয়ন্ত্রনকারীর ভূমিকা পালন করবেন। ইতোমধ্যে তাঁর কার্যালয়ের একজন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

২। উল্লিখিত সিলেট জেলার পোর্টালটিকে মানসম্মত তথ্য উপাত্তে সমৃদ্ধ করার জন্য কনটেন্ট গাইড লাইন অনুসরণ করে পর্যাপ্ত ও সঠিক তথ্য উপাত্ত সংগ্রহ নিশ্চিত করতে হবে। সূত্রোক্ত ২ নং স্মারকে জাতীয় তথ্য বাতায়নে আপনার কার্যালয়ের তথ্য আপলোড না করায় অসন্তোষ প্রকাশ করা হয়।

৩। এমতাবস্থায় আপনি এবং আপনার নিয়ন্ত্রণাধীন উপজেলাসমূহের অফিস প্রধানগণের উপস্থিতিতে আগামী ১৩ জুন ২০১২ বিকাল ৪.০০ টায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের কনফারেন্স রুমে এক জরুরী মতবিনিময় সভার আহ্বান করা হয়েছে।

৪। উক্ত মতবিনিময় সভায় আপনি এবং আপনার নিয়ন্ত্রণাধীন উপজেলাসমূহের অফিস প্রধানগণ এবং কনটেন্ট অনুযায়ী তথ্যসহ (হার্ড কপি/সফট কপি) উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


(খান মোহাম্মদ বিলাল)
জেলা প্রশাসক
সিলেট
ফোন-০৮২১-৭১৬১০০
ই-মেইল- dcsylhet@mopa.gov.bd

বিতরণ: কার্যার্থে

জেলা কর্মকর্তা (সকল)

সিলেট।

অনুলিপি:

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জাতীয় প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ৩। কার্যনির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা।
- ৪। বিভাগীয় কমিশনার, সিলেট।
- ৫। গোপনীয় সহকারী জেলা প্রশাসক, সিলেট। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য।